Sj. Jyoti Basu has said why the Chief Minister does not give an assurance that prices will not rise. I do not know if the other side wants that the Chief Minister should introduce control system in order to control price. I am sure it will not be done, as control carries with it many forms of oppression and corruption and therefore it is idle to ask the Chief Minister to control price. Control should be done by the public. They should be vigilant. The dealers should also try to give a fair deal with regard to the articles. There is another ground which calls for support of this measure. It is this: many of us have been advocating that taxation should be at the source which makes the taxation less irksome and the expenses for collection is less. Here by adopting the collection at source, we are giving a support to the policy of taxation at source. I have hopes that if the policy of taxation at source is steadily followed we shall have such a large amount collected from sales tax or these octroi duties that it will be possible for us in no time to de away with tax on fruits, sweets and school text books which most of us desire.

Sir, from the opposite benches it is always said that the Congress Party cannot possibly touch the richer section and always oppresses the poorer section. Sir, it is the Congress Party who have introduced the Estate Death Duty. I think that is not showing tenderness to the rich; it is the Congress Party which has introduced the slab system in incometax imposition. Does it show that the Congress Party is showing tenderness to the rich? Sir, I want public opinion to be strong against persons who will, when a taxation is proposed and before it is levied, increase the price. Instead of organising some of the processions in order to interrupt the business of the House why my friends do not organise picketing to see that the dealers cannot take higher price.....(Sj. Jyott Basy: That can be done provided no arrests are made)... They can go to the market and ask the dealers "Look here, you are charging 3 pice for a pati lebu when the price should be 2 pice".....If they have a programme like that, they need not ask permission for doing a right thing. But if they try to incite the people then of course the hand of law will stop them.....(Sj. Bankim Mukherji: No right thing can be done under this barbarous Government).....Did Hemanta Babu cease to act against the Portuguese Government because they were barbarous.....You better tollow that policy... [interruptions]. I do not want to take more time of the House as I have already given my opinion on the Bill.

Sj. Janardan Sahu:

মাননীর প্পীকার মহাশর, করেকদিন ধরে এই যে বিল আলোচনা হচ্ছে তার মধ্য থৈকে আমি একটা জিনিব আবিশ্কার করেছি, বুক ফাটে ত মুখ ফোটে না। আমরা বারা সদস্য হিসাবে এখানে এসেছি, আমাদের যখন বাইরের লোকেরা জিজ্ঞাসা করে, মহাশর, আপানারা ফলের উপর ত ট্যান্থ করছেন, এটা আমরা কি করে সইতে পারি, ক্যোনদিন ত এমন হর নি। তখন আমরা আমতা আমতা করে মাখা চূলকাই এবং তাঁদের কথার ঠিক উত্তর দিতে পারি না। তখন হরত কেউ কেউ বলেন, কি করি মহাশর, সরকার করছেন। কি করি, আমাদের কথা থাকে না, এই আমাদের জ্বাব দিতে হর। এটা আমরা সকলেই জানি কলিকাতার একটা জিনিবের দাম এক টাকা হলে পল্লীপ্রামে ও টাকা হরে বার। পল্লীপ্রামের কথা বাদি খেজি করোঁ দেখেন, ছোট ছোট সহরের কথা বলছি না, অনেক পল্লীর কথা বলছি, সেখানে দেখবেন বে, সেখানে কোন ভাল কলের দোকান আছে বলে জানি না। নাসপাতি, বেদানা, আপার প্রভৃতি ভাল ভাল ফল, খুব কম দোকানে থাকে, খেতে পার খুব কম লোক। একজন ভাভার হয়ত বলে দিলেন রোগাঁকে কমলালেব খেতে দিতে। গরীব লোক পরসা পার না। বেগন্ন, সীম প্রভৃতি বেগন্লি

[4-20-4-30 p.m.]

একজন ডাঃ কোন এক রোগীকে বল্লেন কমলালেব, খেতে দিও। গরীব লোক পয়সা পায় না। ২-৪ পয়সার পালং শাক বা অন্য কিছ্ব বিক্রী করে যা পায় তা দিয়ে খেতে হবে। কিন্তু रायर जु छाः वात् तरमाहन कममारमत् रच्छ मिछ स्मरेर जु स्म जातम, ताथर स कममारमत्र छ এমন কিছু আছে যা থেলে রোগ সেরে যাবে। তাই অতি কন্টে কোন রকরে সামান্য করেকটি পরসা জোগাড় করে হরত একটি কমলালেব্ কিনে আনল তারপর একটি দ্র্টি করে ৭-৮ দিন ধরে সেই একটি লেবরে কোরা কটি খেতে দিল। এই অবস্থায় আপনারা ফলের উপর ो। ब्रा वनात्कृत। এই यीन दम्न छाटल गतीय कल त्थर्फ स्य भातर्य ना. এটা कि कार्तन না? আমি নিজের কথাই বলি—আমাকে জ্বরের সময় অনেকে ফল দিতে চায় কিন্তু আমি খাই না। কি করবো গ:बेલ∉এ∉:মা খেতে পার না—আমিও তো গরীব মান্য তাদের মত! **এই থৈ অবস্থা একে আমাদের গরীব ছেলেমেয়েরা ফল খেতে পায় না, স**্ভরাং চিন্তা করে দেখন কোন ট্যাক্স বসানো উচিত কিনা? আপনারা খবরের কাগজেও হয়ত দেখে থাকবেন हार्त्रिमिटक आस्मालन शुरु abi कि कर्त्रालन महकात? कार्नामन महिनीन करलह छेशह कहा বসেছে--আমাদের ছেলেরা কি থেতে পাবে না? এই কর আদায় করতে গিয়ে হয়তো যে থরচ হবে সেই খরচই উঠবে না। টাকার অভাব থাকে, টাকার দরকার হয়, যে সেল্স ট্যাক্স ফাঁকি দিচ্ছে সেই ফার্মকে ধর্ন। আমি আমার এক একাউন্টেন্ট ছাত্রের নিকট শাুনিয়াছি যে, অভিটের সময় দেখেছে যে, সে ফার্ম ১ লক্ষ ২০ হাজার টাকা ফাঁকি দিয়েছে। দার্জিলিংএ তার হেড অফিস আছে। ইভেসনএর কথা পরে তারাও স্বীকার করেছে। বহু টাকা তো এরকম আদায় হয় না, সে সব কেন চেন্টা করছেন না। এসব কথা বহু বন্ধ, এখানে বলে গেছেন, काष्क्ररे ফलের উপর টাক্স না বসালেই ভাল। এটা সকলের মনেই লাগবে। এটা पर्या करत वन्ध करत मिन **এই विन्न উঠিয়ে निन। यीम नि**ठान्छ টाकात पत्रकात হয় তাহলে वर বডুলোক আছে তাদের উপর কর চাপান, আইন কর্ন, কিন্তু গরীবকে মারবেন না। আগে তো ভাল কাজের জন্য কত ডাকাতি হ'ত, হয়ত ডাকাতি করে ২০ হাজার টাকা আনল, কালী-প্জায় ৫ হাজার খরচা করে পাপস্থালন করল। ভাল কাজের জন্য টাকা দরকার হ'লে সে রকম ভাকাতি করে টাকা নিতে পারেন!! [হাস্য] আমার অনুরোধ মন্ত্রীমহাশয়কে এই যে, ফলের উপর কোন ট্যাক্স করবেন না।

8]. Dasarathi Tah:

মাননীয় অধাক্ষমহোদয়, জীবনে যাদের ফুল ফুটল না এবং ফলও ফলল না তাদের হাত দিয়ে ফলহরণ আইন আসবে তাতে আশ্চর্য হবার কি আছে? তবে বিলের তৃতীয় পর্যায়ের আলোচনায় বক্তৃতা করতে যেয়ে এইকথা বলছি যে, এতগুলি বিলের উত্থাপনকারী ডাঃ রায় দিল্লী থেকে ঘ্রের এলেন, সেখানে তিনি গোয়া সম্বন্ধে যে বক্তৃতা করেছেন তাতে আমাদের অহিংসার বাণী শ্নিয়েছেন। আমরা আশা করি তার চিত্তের পরিবর্তন হয়েছে। সেই আশা নিয়ে আমি তাকৈ এখনও বলতে চাই যে, এই বিল প্রত্যাহার কর্ন। এটা আমরা দেখে আসছি অহিংস বারা তারা নিরামিশাষী। অর্থাৎ শাকভোজন করে বা ফল আহার করে। কিন্তু বারা ঘাস ভোজন করে, এটা বিশ্লেষণ করেল দেখা যাবে, যারাই শাক খার তারাই অহিংস হয় না। যেমন যাঁড় ঘাস খায়, কিন্তু গাভিয়ে দেয়। [হাস্যা]

অতএব দেখা যায়—বাঁরা অহিংস তাঁরা শুন্ধ ফলই খান। মহাত্মা গান্ধী শেষ জাঁবনে মোসান্ধী ফল খেতেন এবং তার রস গ্রহণ করতেন। আজ তিনি বে'চে থাকলে বাংলাদেশের এই অপকর্মের জন্য সারা ভারতবর্ষে সত্যাগ্রহ আরম্ভ হয়ে যেত। অধ্যক্ষমহোদর, এই ফলের উপর করের যে বাবন্ধা হচ্ছে যা ডাঃ রায় এতে ফলের নম্না সংগ্রহের যে পন্ধা রাখছেন সেটা বড় চমংকার। সেটা অসীম—আনলিমিটেড। তার কোন সাঁমা নাই। এটাই আতক্তের বিষয় যে, অপোজিশনএর ঝুড়ি থেকেই নন্ধা বেশী নেওয়া হবে তার নম্না আমরা পেরেছি। এই হাউসে আম ফল চ্যুত ফলের আলোচনা চলতে চলতে আমরা দেখছি আমাদের অপোজিশনের ঝুড়ি থেকে আমাদের বন্ধ্য লংকাল হক সাহেবকে আমরা হারালাম। [হাসা] সেজনাই বলছিলাম অপোজিশনএর ঝুড়ি থেকে বেশী নম্না নেবার বাবন্ধা হছে। আমরা

ভেবেছিলাম দেশ স্বাধীনতা লাভ করার পর দেশকে বে সমাজতান্ত্রিক ধাঁচে গড়বার কথা হচ্ছে তাতে দেশে আম্ল পরিবর্তন আসবে এবং আমাদের ব্রন্ধচারী মুখ্যমন্ত্রী ডাঃ রাম বে আইনের বিধান করছেন তাতে নিষিম্ধ ফলের উপর যদি টাব্বে করতেন তাহ'লে বেশী কিছু আপত্তি হ'ত না। কিন্তু তা না করে তিনি আম, পেয়ারা, লেব, প্রভৃতির উপর ট্যাক্স করতে চলেছেন, হাাঁ কলার উপর করেন নি-কলাটাকে বাদ দিয়েছেন, কারণ, ফলের উপর করের প্রতিবাদ করার উত্তরে কিছু বললেই ঐ কলাটাকে তিনি দেখিয়ে দেবেন। তার একটা কারণ আছে, যেহেডু রামরাজত্ব স্টিট করতে হবে তাই কলার উপর ট্যাক্স বাদ দিচ্ছেন, কারণ, সেটা করলে খবে দোষ হবে। কিন্তু শেষ পর্যন্ত খুব দঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, তিনি শেষ পর্যন্ত লেব কচলাতে আরম্ভ করেছেন। লেব্ যদি ফল হল তাহলে বার্তাকু, অলাব্, পলাপ্ডু, কাঁচালঞ্কা ফলের পর্যায়ে পড়বে কিনা জানি না : তবে একথা বলি, এগালি যদি ফলের পর্যায়ে না পড়বে তাহ লে লেব, কেন ফলের পর্যায়ে পড়বে? অতএব অন্ততঃ লেব,কে দিল্লী থেকে এসে তিনি রেহাই দিন এই অনুরোধ করি। প্রাকালে আমাদের দেশে রাহ্মণ, বিশিষ্ট অতিথির ভেত্রজনের ক্রনা ফলাহারের বাবস্থা ছিল। আজকাল সেটা 'ফলারে' এসে দাঁড়িয়েছে। ফলার থেকে ফল একেবারে বাদ গেছে। আজ 'ফলার' মানে হচ্ছে চি'ড়ে, মূড়কি ও কাঁচাগ্রড়। অর্থাৎ তার মধ্যে কোথাও ফলের নামগন্ধও নাই। দেশ স্বাধীন হবার পর আমরা আশা করেছিলাম, দেশে ব্ঝি প্নরায় ফলাহারের প্রবর্তন হবে, কিল্ডু দেখছি দিনের পর দিন কর্তারা ফল হরণ করছেন। আমাদের পেয়ারাপ্রেমিক গ্রুণ্ডসাহেব ফলের উপর ট্যাক্স বন্ধ করতে আমাদের নতন করে সত্যাগ্রহের জনা উৎসাহিত করছেন। বাঃ, এ'রা আইন করবেন আর আমরা বেয়াকুবের মত সত্যাগ্রহ করতে যাব? [হাসারোল] বরং এটা হবে যে, যে औইন করবেন তার উপর সত্যাগ্রহ করবো। পেয়ারার দিকে এ'দের নজর পড়ল আর লেব্রে দিকে নজর পড়ল না? এবা বলছেন চায়ের উপর কর বসাবেন, ইতিপ্রেব্ ডাঃ রায় তৈয়ারী চায়ের উপর কর বসাতে চেয়েছিলেন, তথন দেশে খাদাসংকট ছিল, তাই আমি এই যুক্তি দেখিয়েছিলাম যে, চায়ের উপর কর বসাবেন না, কারণ চা খেলে ক্ষুধার মন্দা হয়। দেশের মানুষকে 'ই.জন, খাদা দিতে পারছেন না, তখন চা-ই খেতে দিন, চায়ের উপর কর বসাবেন না। তখ<mark>ন তিনি তা</mark> শ্নেছিলেন কিন্তু তাঁব মনে কুমতলব আছে, তাই তিনি ঘ্রের ফিরে আবার ঐ চারের উপরই কব বসাবার জন্য চেণ্টা করছেন। হয়ত তিনি য**়িন্ত দেবেন আপনারা বেয়াকুবের মত কেল** বলছেন, আমি ত আপনার চাষীভাইয়ের কোন ক্ষতি করছি না। বর্ধমান, মেদিনীপরে প্রভৃতিকে বাদ দিয়ে কেবল হাওড়া, ২৪ পরগণা এবং কলকাতায় কর বসাচ্ছি। এটা খুব ভাল যুৱি অর্থাৎ দেহের কোন জায়গায় কিছু ত কর্রাছ না কেবল গলা কেটে মাথাটা প্রথক করে দিচ্ছি। ্হাস্য অধ্যক্ষমহোদয়, ইয়োরোপে বিলাতে যখন জার্মাণীর যুদ্ধ হয় তার ঠেলায় আমাদের দেশে কলমী শাকের দাম বেড়ে যায়। বাবসার প্রাণকেন্দ্রে যদি আঘাত করা যায় তাহ'**লে** সমস্ত জ্যুগায় তার প্রতিক্রিয়া দেখা দেয়। আমি তাই একথা বলতে চাই যে. কলকাতা শহরেব বুকে যদি আজ কর বসানো হয় তাহ'লে পল্লীগ্রামে সে জিনিষের দর বাড়বে না. এটা ঠিক নয়। তাছাড়া চায়ের বাজার চডচড় করে বেড়ে যাচ্ছে, এটা আমরা দেখছি। আজকাল যে জিনিসটা দেখতে পাচ্ছি, সেটা হচ্ছে, ভদ্রলোকের কথার ঠিক থাকে না। চায়ের উপর কর বসাবেন না, সেকথা মুখামল্টীমহাশয় কিছুদিন পূর্বে মাত্র বলেছেন ; আজ ঘুরে ফিরে সেই চায়ের উপরই কর বসাচ্ছেন। তারপর আরও যে কি হবে ঠিক কি? ডি, ভি, সি ক্যানেল কর যেখানে চার টাকা হ'তে বেড়ে সাড়ে পাঁচ টাকা ছিল, সেটা আৰু পোঁনে আট টাকা করে দিচ্ছেন।

[4-30-4-40 p.m.]

ষত কিছ্ব কর আছে দিনের পর দিন আবার আনছেন। চিনি, দিয়াশালাই, সরিষার তেল, সর্বাকছ্র উপর কর বসাবার বিল আনবেন, এই মতলব। আমরা বিশেষ করে দেখতে পাছি যে, এখন ব্যাপার হচ্ছে, সেদিন ডাঃ বায় শেলাক আওড়ালেন "যো ধ্রাণি পরিতাজ্ঞা অধ্বাণি নিষেবতে"—কিন্তু তিনি এ বিষয়টি নিজে হ্দয়ণ্ডাম করতে পেরেছেন, কি? তাঁর হাতে সেল্স ট্যাক্স অস্ক্র রয়েছে, আবার তিনি নতুন ট্যাক্স করবার ক্ষমতা রাখছেন মতলব যেটাই কাজে লাগে লাগাতে পারেন। কিন্তু তিনি নিজেই বিশ্বাস করেন না বে, কোনটা সতাই ধ্রব আর কোনটা নয়, সেজনো কোটেশন দিয়ে বন্ধ করে দিয়েছেন। আমাদের নেপাল ভারাকে

সেদিন তিনি মুখের মত জ্বাব দিতে গিরে বা বলেছেন ঠিকই। "রখ বলে আমি দেব, পথ বলে আমি, মুর্তি ভাবে আমি দেব, হাসে অন্তর্যামী।" তাই আমার বন্ধবা, তিনি নিজেই বখন অন্তর্যামী, তখন তিনি নিজগুলে এই কুখাত 'ফলকর' আইন প্রত্যাহার করে নিন।

Sj. Sasaßindu Bera:

এই যে বিলটা আমাদের সামনে আনা হয়েছে, এ সম্বন্ধে আমার বন্ধব্য এই যে, ডেভেলপমেন্ট এর জন্য টাকার যদি প্রয়োজন হয় তার জন্য এই রকম বিল' না আনাই উচিত ছিল। এই বিলটা যে আকারে এসেছে তাতে এটা আদৌ প্রয়োগ করা যাবে বলে আমি মনে করি না। বলা হয়েছে তাতে প্রবেশ করলে চা ও কতকগ[ু]ল ফলের উপর ট্যাক্স বসান হবে। অথচ ঐ সমস্ত জিনিষের উপর টাাক্স নির্ধারণ করার জন্য লোক্যাল এরিয়ার মধ্যে কতকগুলি নোটিফাইড ম্পেস নির্দিষ্ট করা হবে। সেই সমস্ত জায়গায় মাত্র টাক্স নির্ধারণ করা হবে। এতে আমি मत्न कींत्र अकरो लाममालात मुन्हि रत् यात करन अरे आरेनरक श्वरांग कता यात ना। অপর্যাদক হচ্ছে এই যে, এর মধ্যে কতকগ্রালি ফলের উপর এনট্রি ট্যাক্স ধার্য করার ব্যবস্থা হয়েছে। এই সকল ফলের অধিকাংশ যেমন পেয়ারা, আম, কল, বেদানা, আতা, নোনা, লেব, প্রভৃতি এই লোক্যাল এরিয়ার মধ্যে ২৪ পরগণা ও হাওড়া জেলায় হয়ে থাকে। কাজেই বাহিরের পেয়ারা, আম, কুল এর সঙ্গে তাদের পার্থক্য কি কোরে করা হবে, আমি ব্রুতে পার্রাছ না। এবার এই পার্থকা নিধারণ করতে না পারলে এই আইনকে কার্যকরী করা অসম্ভব হয়ে উঠবে। আমি বলছি এই যে নোটিফাইড প্লেস এবং লোক্যাল এরিয়া তাদের উল্লেখ এই বিলের মধ্যে এমনভাবে রয়েছে যে, তার জন্য এই আইন কার্যকরী করা অসম্ভব। র্যাদ বাহিরের থেকে যে সমুহত ফল আসবে তার উপরে ট্যাক্স নির্ধারণ করতে হয় তাহলে এই বে, তিনটি জেলা হাওড়া, ২৪ পরগণা, কলকাতার বাউণ্ডারী সমস্তটাকে নোটফাইড বলে ডিক্লেয়ার করতে হবে। তা নাহলে যদি কয়েকটি মাত্র পয়েণ্ট দিয়ে যে সমস্ত ফল আসবে সেই সমুহত প্রেণ্ট্র সেই সমুহত ফলের উপর ট্যাঞ্কের ব্যবস্থা হ'লে ব্যাপকভাবে স্মার্গালং হবে এবং তা ঠেকান যাবে না। এই আইনের মধ্যে যেখানে প্রেসক্রাইব ড অর্থারটি বা এই আইনে. **নিয়ন্ত যে সম**স্ত **কর্মচারী তাদের যেখানে ১২নং কু**জ্ঞ বিভিন্নপ্রকার ক্ষমতা দেওয়া হ**য়েছে** সেই कमতाর कथा এবং যে পেনাল কুজ সেক্সন ১৪ আছে সেখানে যে শাস্তির বাবস্থা আছে তা আলোচনা করলে দেখা যায়, স্মার্গালং করে কিভাবে সহজে সহজে পরিগ্রাণ পাওয়া যাবে এবং স্মাগলারদের সরকার কোনপ্রকারে জব্দ করতে পারবেন না। কারণ আমরা দেখেছি, ঐ ১২ নম্বর ক্রজএ যেসমুহত ক্ষমতা দেওয়া আছে প্যাকেট খোলা বা এক্সমিন করা কেবলমাত্র নোটিফাইড শ্লেস ছাড়া করতে পারবেন না। সাাম্প্ল নেওয়া সেটাও নোটিফাইড শ্লেস ছাড়া <mark>নিতে পারবেন না। সার্চ করতে পারবেন "রোড ভেহিকেলস্, রিভাব ক্রাফ্ট্স, লেড্স</mark> ক্যারেড বাই মেন", কিল্কু স্মাগল্ড হয়ে যদি কোনখানে জমা হয়, কেউ যদি লোক্যাল এরিয়ার মধ্যে স্মাগল্ড জিনিষ নিয়ে জমা वा विक्रिक करत जारक धतरवन कि करत जात वावन्था नारे। भिक्र कतात मन्वत्थ वला शराह य. সেকশন ৬এ যা রয়েছে, নোটিফাইড প্লেস মধ্যে যে ফল যাবে, তার জন্য ট্রান্সপোর্ট পাসএর ব্যবস্থাং দেওয়া হবে। এই ট্রান্সপোর্ট পাস না থাকলে মাল সিজ করা যাবে। কিল্ডু যে ফল নোটিফাইড স্লেসএর মধ্যে দিয়ে গেল না তা সিজ করবার কোন বাবস্থা এই বিলের মধ্যে নাই। ভিটেন করা তাও নোটিফাইড **শেস ছাড়া অন্য কোথাও করা যাবে না।** যে ব্যক্তি ফলকে স্মার্গালং করে লোক্যাল এরিয়ার মধ্যে নিয়ে ফেলেছে তাকে পেনাল কুজএর আওতায় আনা ষাচ্ছে না। কারণ এতে দেখছি লোক্যাল এরিয়ায় এন্ট্রির জন্য যে বিল অফ এন্ট্রি সাবমিট করতে হয় তা সাবমিট না করার জন্য মাত্র তিনি অপরাধী হতে পারেন। পেনাল্টি কুজএর অন্য কোন ধারার আওতায় তিনি পড়বেন না। আর এই অপরাধের চার্চ্চত কাকেও দল্ড শ্ব্ব নোটফায়েড শ্লেস ছাডা ট্রান্সপোর্ট দেওয়াও সহজ নয়। লাগবে না। কাজেই আইনের দিক থেকে এই আইন কার্যকরী মুন্স্কিল। বিলএর মুভার বলেছেন, ছোটখাট ডিলার্স সেল্স ট্যাক্স **দিচ্ছে তাই এই ৰিল এনেছেন। কিল্ড** আমার মনে হয়, এই আইনের টাার আরও বেশী ফাঁকি **ছবে। ডেভেলপমেণ্টএর** জন্য টাকা প্রয়োজন, তা এ বিলের মারফত আসবে না, কারণ এ**র**

জন্য শরচাও অনেক বেশী হবে। একে স্কৃত্যুভাবে কার্যকরী করতে গেলে অনেক কর্ডোনিং অফিসার এবং পেট্রল অফিসার ইত্যাদি রাখতে হবে তাতে ব্যয় বেশী হবে, আয় বেশী হবে না। লোক্যাল এরিয়ার ফলের সংগ্য বাহিরের যেসমস্ত ফল আসবে তা একবার মিশিয়ে ফেললে তা আলাদ করা ম্দিকল। তা এই আইনের আওতায় আনবার চেট্যায় সরকারী কর্মচারীরা সব শ্রেণীর ডিলাসদের অমান্বিকভাবে হ্যারাস করবে। এইজনাই আমি বলেছি এই আইনকে স্কৃত্তাবে কার্যকরী করা সম্ভব হবে না। এ আইনে কোন স্ফল পাওয়া যাবে না। এই অবস্থায় আমি বলবা এই বিলটা ফিরিয়ে নিন।

[4-40-4-50 p.m.]

8j. Amarendra Nath Basu:

মাননীয় অধ্যক্ষমহাশয়, এই বিলটি আলোচনাকালে আমার মনে এই ধারণাটা বন্ধমলে হয়েছে যে, এই সভায় যুক্তির কোন মূলা নাই। বিরোধীপক্ষ থেকে যেসব সংশোধনী প্রস্তাব আনা হরেছিল তার উপর যেসব যুক্তি দিয়ে বোঝাবার চেণ্টা করেছিলেন আমার বন্ধ, ডাঃ অতীন বসু, শ্রীবাণ্কম মুখাজী, ডাঃ নারায়ণ রায়, ডাঃ রণেন সেন, শ্রীগণেশ ঘোষ প্রভৃতি সেই সমস্ত যুক্তি ভেসে গিয়েছে। ভাঁটায় যেমন সব কিছু ভেসে যায়, ভোটের টানে এই সভায় সেই সমুহত যুত্তি ভেসে গিয়েছে। কাজেই এক এক সময় মনে হয় যে, এখানে বলার আর কোন প্রয়োজন, নেই। এই বিলটিও ডাঃ রায়, আমাদের মুখামন্ত্রীমহাশয়, আনবার আগে পরামর্শ করলেন কাদের সংখ্যে—যারা বাবসাদার আর যারা বাবসায় বিক্রয়কর ফার্টিক দিয়েছেন এবং তার সরকাবী কর্মচারীর সঞ্গে, যাঁরা বিক্রয়কর আদায় করতে পারেন নি, অবহেলা কবেছেন। **যখন** টাকা আদায় করা দরকার, যা আমার শ্রন্থেয় নেতা জ্যোতিবাব, বলে গিয়েছেন, সেই টাকা আদায়ের অনেক পথ ছিল, সেইদিকে না গিয়ে, যারা বিক্রয়কর ফাঁকি দিচ্ছেন জানেন, তাঁদের সংশ্যে প্রাম্শ করে আর একটা ন্তন কর ধার্য করবার চেণ্টা করছেন এমন কতকগ**্লি** জিনিষপতের উপর যা মানুষের অতানত প্রয়োজন। আমি প্রথমদিনই একথা জানিয়ে দিয়ে-ছিলাম যে, ফল মানুষের নিতা বাবহার করা উচিত। আব যদি এমন বুঝি যে, সরকারী टिन्छोर वालाएएटम करले हार त्वरिल्ह, वालाएएटम शहूर आम रहारू, कमलाले ना रहारू, অন্যান্য ফল, যে ফল বাংলাদেশে হতে পারে, অথবা দার্জিলিংএ কমলালেব, প্রচুব হচ্ছে, এবং ষার জন্য বাংলার বাইবে থেকে ফল আনতে হলে বাংলার ব্যবসা ক্ষতিগ্রস্ত হবে, সেই সকল র্যাদ তাঁবা চিল্টা কবটেন ভাহলে না হয় তাঁরা এটা করতে পারতেন। কিন্তু যথন বাইরে থেকে ফল আসে এবং বাংলাদেশের সাধারণ মানুষের রোগীদের জনা দূর্বল লোকের জনা, বৃদ্ধার জন্য ফল অতানত প্রয়োজন, সেই সময় যে ফলের উপর একটা বিক্রণকর রয়েছে সেটা ত রাখলেন, এবং আর একটা নৃত্তন কর বসালেন। এ সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়কে আমরা যুক্তি দিয়ে বোঝাবার চেণ্টা করে বার্থ হয়েছি। এই কথাই আমরা জানাচ্ছ। মন্ত্রীমহাশয় একটা কথা বলেছেন, সে কথা হচ্ছে এই যে, আমরা তীরভাবে এই বিলটির উপর আলোচনা বিরোধিতা কর্বাছ, তার কারণ, আমরা এর গিয়ে এটা প্রচার করব, এ সম্বন্ধে প্রোপাগান্ডা করব, জনসাধারণকে বলব, "দেখু সরকার কি অন্যায় করছেন।" এটা কোন নতন কথা নয়, দাত্যিই আমরা তাই করব। আমরা যেমন এই সভায় এই বিলটা যাতে পাশ না হয় তার জনা চেন্টা করেছি ঠিক সেই রকম চেণ্টা বাইরেও আমরা করব যে, এই বিল চাল, হ'লে যাতে সাধারণ মানুষ আন্দোলন করে তারা জানিয়ে দেয় সরকারকে যে. এর দ্বারা আমাদের সম্হ ক্ষতি হচ্ছে আমরা এই বিলের বিরুদ্ধে।

আমি আর একটা কথা বলি, তিনি যখন সেই বাবসাদারদের সপ্যো পরামশ করলেন, এই বাবসাদারদের সপ্যো আরও যারা যুত্ত ছিল, যারা মাথায় করে ফল নিয়ে গিয়ে দরজায় দরজায় বিক্রম্ম করে অসে, সেই আট-দশ হাজার ফের ওয়ালা, হিন্দ্-মুসলমান ভাই যারা আছে, তাদের ইউনিয়ন আছে, সেই ইউনিয়নকে ডেকে জিজ্ঞাসা করতে পারতেন যে, ফলের উপর একটা কর রয়েছে, তার উপর আর একটা কর চাপালে ক্ষতি হবে কি না ় কিন্তু সেখানে তিনি একবার গোলেন না, চুপ করে রইলেন, তাদের ডাকলেন না, তাদের কথা শ্নলেন না। আজকে নিশ্চিত, এই বিল যে পাশ হয়ে যাবে তাতে সন্দেহ নাই। আমর: গোড়া থেকেই ব'লে আর্সছি, যখন

প্রথম বিক্রমকরের উপর আলোচনা হর বে, ফলের উপর বেন বিক্রমকর চাপান না হয়। কিন্তু তারপরেও এমন আবার নৃতন করে আর একটা কর এল। এটা যদি বৃথতে পারতাম বে, এই সভা থেকে পরিক্রারভাবে ঘোষণা করা হবে যে, যেদিন থেকে এই নৃতন কর চাল্ হবে সেদিন থেকে আরা বিক্রমকর তুলে দেব, তাহ'লে ভাল হত। কিন্তু তা না হওয়ার ফলে আমাদের প্রথমের নেতা জ্যোতিবাব যেকথা বলে গিয়েছেন, সেকথা অতান্ত সত্য। আজকে সমন্ত রকম ফলের উপর দর চড়তে স্বর্ হয়ে গিয়েছে। যাতে ফলের দাম হঠাং এইরকমভাবে বেড়ে না যায় এবং সেটা বন্ধ করবার জন্য আমরা কোন পথ দেখছি না। অতএব আদায়ের দিক দিয়ে বিক্রমকরের সময় যে অবন্ধা হয়েছে, এখানেও কি হবে তা আমরা বলতে পারি না। তিনি বলছেন, আমরা ধ্বকে ত্যাগ করতে পারি না। বিক্রমকর যদি তেমনি ধ্ব হয়ে থাকে, তাহ'লে আবার আর একটা নৃতন কর আনলেন কেন? সেইটাই চাপিয়ে রেখে আদায় করবার চেণ্টা করতে পারতেন। কোনটা তাঁর কাছে ধ্ব সেটা আমার জানবার ইচ্ছা আছে।

আর একটা কথা, এই বিলের ম্বারা কত টাকা আদার হবে সেটা আমরা যেমন ব্রুতে পারছি না, কিন্তু কত টাকা এর জনা খরচ হবে সেটা আমরা অন্মান করতে পারি। এই যে বাক্সথা হচ্ছে এর ভিতর দিয়ে যে ধরপাকড়ের বাক্সথা হবে, যার জনা, সাধারণ ফেরিওরালার পক্ষে ফল মাথার করে বিল্লয় করতে নিয়ে যাওয়া বিপান হবে, সাধারণ মান্য, গ্রুপ্থ তারা কোন ফল আনতে গোলে বিপান হবে। তার জনা নিন্চরই বাক্সথা অবলম্বন করা হবে এবং আমরা নিন্চরই অন্মান করতে পারি, আগামী প্লিশ বাজেটে আরও অন্তত দুই কোটি টাকা শ্বচ বাডতি হবে।

যে অসুবিধার কথা অতীনবাব এই সভাতে এক্ষণি বললেন, সেগুলির আর আমি প্ররুদ্ধি করতে চাই না। আমি শুধু একটি কথা তাঁকে জিল্ঞাসা করি, যেসমঙ্গত ফল হাওড়া স্টেশনএ রেলে করে আসে, সেই সমঙ্গত ফল যা পচে নত হয়ে যায় রেল দেরী করে আসার ফলে, তথন রেলওয়ে কর্তৃপক্ষ তার খেসারং দেন, এবং সঙ্গে সংগা তার রসিদ দিয়ে দেন—ফলের যে দাম তার শতকরা ৬০ থেকে ৭০ ভাগ। আমি জিল্ঞাসা করি, যখন ওজন করে,এই ট্যাক্স আদায় করবেন, তখন সেই পচা ফলের উপর কি ব্যবস্থা হবে, যদি সেটা আগে থেকে ঠিক না করেন, তাহ'লে সেই পচা ফলের উপর কর আড়তদারদের দিয়ে আসতে হয় এবং শেষে ফেরিওয়ালা, যারা মাথায় করে ফল বিক্রয় করে, তাদের উপর এই করভার এসে যায়। কিংবা সেই পচা ফলে সারা সহরে চলে আসবে।

আমি আর সামানা একটি কথা বলব। আমি লেব্র কথা বলছি না, এক ঝুড়ি লিচুর ওজন যদি এক মণ হয়, তাহ'লে তার সাথে যে পাতা থাকে তার ওজন হবে অন্তত ২৫ সের, এবং এই পাতার জনা সেই বাবসাদারকে টাক্সি দিয়ে আসতে হবে।

শেষ মৃহ্তে আমি তাঁকে অর একবার অনুরোধ করব, এই বিলটি প্রত্যাহার করে নেবার জন্য। আমরা ধার উপর থেকে বিক্রয়কর তুলে দিতে বলেছিলাম, তার উপর আবার আর একটা নুত্র-কর চাপান কিছুতেই আমরা সমর্থন করতে পারি না।

[4-50--5 p.m.]

Sj. Balailal Das Mahapatra:

মাননীয় স্পীকার মহাশয়, পশ্চিম বাংলার কল্যাণ রাণ্ট্রের কর্ণধার একের পর এক যে বিল আমাদের সামনে উপস্থিত করছেন, তাতে সমগ্র পশ্চিমবাংলা সন্দ্রুস্ত হয়ে উঠেছে। কলিকাতা প্র্লিশ এট্রেই, ফৌজদারী কার্যবিধি আইন, তার উপর ফলের উপর ট্যাক্স। তারপর আবার আসছে -কেরোসিন তেল ও সর্বের তেলের উপর ট্যাক্স ধার্যের বিধান। এইসব ট্যাক্সর পরি-কল্পনা যখন দেখি, তখন মনে হয়, ইংরেজ শাসনে আমরা বলতাম, প্রতি গ্রাসে আমাদের ট্যাক্স দিতে হচ্ছে, কিন্তু এখন প্রতি গ্রাসে ক'বার ট্যাক্স দিতে হবে সেই ভাবনা ভাবতে হচ্ছে আমাদের। আমরা আশ্চর্যাই হচ্ছি কল্যাণরাণ্ট্রের শাসন ও শোষণের ব্যবস্থা দেখে। আজকে আমরা দেখছি বে, দরিদ্র জনসাধারণ বছরে একবার দ্বারের বেশী ফল খেতে পারে না, তাদের আর্থিক অবশ্বার জন্য এই বে ব্যবস্থা হল, এর পর তারা জাবনেও কোর্নাদন ফল খেতে পাবে কিনা সন্দেহ। তিনি বে আশ্বাস দিয়েছেন, তা সন্তোষজ্ঞনক হলেও, বথা তিনি দ্বার ফলের উপর ট্যাক্স ধার্য করবেন না অর্থাৎ প্রবেশ কর ও বিক্লয়কর দ্বার ধার্য করবেন না—এই আশ্বাস দিলেও আমাদের যাদের বাসত্ব জ্ঞান রয়েছে, তারা জানি এর শ্বারা সতিকারের জনসাধারণ উত্যক্ত হবে, অত্যাচারিত হবে এবং তাদের অযথা হয়রানী ভূগতে হবে।

প্রধান কথা হচ্ছে, তিনি বলতে চান, উম্নয়নের জনাই এই ট্যাক্স ধার্য। এখানে আমি একটা কথা তাঁকে সমরণ করিয়ে দেব-গলেজারীলাল নন্দ মহাশয় কিছুদিন আগে ন্বিতীয় পঞ্চবাধিক পরিকল্পনার কথা বলতে গিয়ে বলেছেন, পণ্ডবার্ষিক পরিকল্পনার মূল উল্দেশ্য হচ্ছে সমাজ-তাল্তিক রাণ্ট্র গঠন। সমাজতাল্তিক রাণ্ট্র গঠনের জনাই যদি দরি<u>দের উপর ট্যা**ন্স ধার্য হ**য়</u> তাহ'লে আমি মনে করি, সমাজতলের মলে কথাই হচ্ছে যে আর্থিক সামা, তা বার্থ হবে। তাহ'লে কি তিনি চান দরিদ্র যারা তাদের শোষণের ম্বারা আর্থিক সাম্য প্রতিষ্ঠা করবেন? আমি একধার অর্থ বুঝি না। যদি তিনি সত্যিকারের আর্থিক সামা প্রতিষ্ঠা করীতে চান. সমাজের প্রকৃত উন্নয়ন চান, তাহ'লে আমাদের পক্ষ থেকে যে অপ্যালিনির্দেশ করেছি সেদিকে काथ रफतान, प्रभरतन तर, ठोका क्रमा आर्घ ठठेकरमत्र मर्था, यात्रा टकां हे तकां है जोका मन्त्राया न्रिक्ट। वह वह तम्भी वित्रमा काम्भानी याता स्माठीस्माठी मूनाकात म्वाता এই प्रत्मात अर्थ বহু কোটি টাকা সরকারের হাতে আসবে। দরিদ্র ফলওয়ালার উপর ট্যাক্স ধার্য করতে হবে ना। किन्छ आमार्त्य पित्रप्त कल्यालार्पत कौविका मात्रवात रुष्णा, करत स्य प्रः रकाणि पोका তুলতে পারবেন বলে সরকার আশা করছেন, সেই দু' কোটি টাকা আদায় করতে গিয়ে লক্ষ লক্ষ টাকা থরচ হবে প্রলিশের পিছনে, প্রেসক্রাইবড অথরিটির পিছনে—দুনীতিপরায়ণ অফিসারদের পিছনে। আমরা বলি তাতে সমস্যার সমাধান ত হবেই না, বরং আরো জটিল অবস্থার সুচ্টি হবে।

তারপরে, দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় জাতির আয় বৃদ্ধির কথা বলা হয়েছে। ফলওয়ালারা বছরে ৩০০ টাকাও আয় করতে পারে কিনা সন্দেহ। যথন জাতির আয় বৃদ্ধির কথা
পরিকল্পনার ভিতর আছে তথন কোন্ নীতির দিক দিয়ে তাদের উপর কর ধার্য করতে পারেন?
পঞ্চবার্ষিক পরিকল্পনায় বেকারসমস্যা সমাধানের কথাও বলা হয়েছে। তাঁরা বলোছেন –
পদ্চমবাংলার বেকারের সংখ্যা ১০।১২ লক্ষ্ক, কিন্তু প্রকৃত প্রস্তাত সরকারী হিসাব ভূল।
আমরা জানি, অর্ধ কোটির উপর আমাদের এই বাংলাদেশে বেকার, অর্ধবেকার লোকের সংখ্যা
বর্তমান। অথচ যেখানে ১০।১২ হাজার লোক যারা ফল বিক্রী করে খায় তাদের মধ্যে আরও
বেকাবের স্গৃতি হবে যদি তাদের উপর এই কর ধার্য করা হয়। এমন কি মন্ত্রীমহাশয় লেবুর
উপরও টাক্স ধার্য করার প্রস্তাব করেছেন। উনি বড়লোকের কথাই শোনেন, কারণ উনিও সেই
প্রেণীর একজন। কিন্তু ঐসব বড় বড় বাবসায়ীর কথা শ্নেন যদি ক্ষুদ্র ক্ষুদ্ধ বাবসায়ীদের
সংহার করতে চান তাহলৈ বাংলাদেশের সমস্যা আরও জটিল হবে এবং বেকারের সংখ্যা আরও
বৃদ্ধি হবে। আগ্রেই আমি অনুরোধ করব, তিনি যেন এদিক দিয়ে চিন্তা করেন।

তারপর, আর একটি কথা। বাংলাদেশের স্বাস্থাসম্পদ দিনের পর দিন অবনভির দিকে বাছে। মাননীয় ডাঃ রায় জানেন এবং স্বাস্থাসন্দীমহোদয়ও জানেন বাংলাদেশের প্রায় ১০ লক্ষ লোক টি, বি-তে ভোগে এবং প্রায় অর্ধেক লোক দাঁতের রোগে ও চোথের রোগে ভোগে; ডিসেন্টি ত লেগেই আছে, সর্বোপরি নানা রোগে মৃত্যুর সংখ্যা বেড়ে যাছে। স্বৃতরাং আমি মনে করি শৃথ্ ফলের উপর কেন, কোন খাদাদ্রবার উপরই টাাক্স ধার্য করা উচিত নয়। বরং উচিত ছিল জনসাধারণকে ফল খাওয়ানোর জনা গভর্ণমেন্টের পক্ষ থেকে উৎসাহ দেওয়া, যাতে লোকে বেশী ফল খেতে পারে তার জন্য তাদের 'সার্বাসডি' দেওয়া গভর্ণমেন্টের উচিত ছিল খাতে সম্তায় গরীবেরা বিশ্বেধ ঘি খেতে পারে, ফলম্ল শাকসজ্গী খেতে পারে তার ব্যবস্থা করা। ভাল খাদোর অভাবে মান্য যদি মরেই যায়, তাহলে ভারতের উল্লয়ন দেখবার জনা কে থাকবে এবং ভূগভাম্প টেনেই বা কে চড়বে: আজ সেইজনা বলছি, একবার চিম্তা কর্ন, যে দৃর্গতি ঘনিয়ে আসছে এই টাাক্স ধার্বের ফলে, সেটা চিম্তা করার এখনো সময় আছে। আজ কশ্বৌলটা উঠে যাবার ফলে সকলেই ম্বাম্তর নিঃশ্বাস ফেলেছে, আবার এই যে বাাপারটা

হচ্ছে এতে এগ্রাণি কোরাপসান বিভাগের উল্লাস সৃষ্টি হবে এবং আমরা জানি এরই মধ্যে তাদের উল্লাসের সৃষ্টি হয়েছে। আমাদের খাদামন্দ্রীমহাশর যে খানিকটা উপকার করেছিলেন, ডাঃ রার আবার এইটে বাঙালীর ঘাড়ে চাপিয়ে সর্বনাশের পথ সৃষ্টি করছেন।

আমি আর বেশী সময় নেব না। সর্বশেষে আমার বন্ধবা হ'ল ট্যাক্স ধার্মের জন্য যে ব্যবস্থাটা করা হচ্ছে, এতে ফল অনেক নন্দ হবে এবং বাবসায়ীরাও হায়রাণ ও ক্ষণ্ডিগ্রন্থত হবে। সেইজন্য আমি অনুরোধ করছি, এখনো সময় আছে, লক্ষ লক্ষ লোকের পক্ষ থেকে ও'র কাছে আবেদন জ্বানাছি—এটা প্রত্যাহার করবার বাবস্থা করুন।

Dr. Krishna Chandra Satpathi:

মিঃ স্পীকার, সমাজতাশ্যিক ধরণের সমাজগঠনই আমাদের সরকারের লক্ষ্য এবং সেজন্য সাধারণের মনে একটা ঔংস্কা জেগেছিল। না জানি এর রূপ কি রকম হবে। কারণ প্রোপ্রি সমাজতশ্য নার, সমাজতাশ্যিক ধরণের রাষ্ট্র হবে!! আর, আমরা এখন কি দেখছি, পশ্চিমবংগ রাজ্যে সমাজতাশ্যিক ধরণে রাষ্ট্র গঠনের প্রথম পদক্ষেপের প্রথমেই সন্যাস দেখা দিয়েছে। ফল বিশ্বেখ খাদাদ্রব্য, সেই ফলের উপর আমদানীকর চাপান হচ্ছে—যার মধ্যে কোন ভেজাল দেওয়া চলে না। তার উপর প্রথমেই কামড় বসেছে। তাও আবার দ্রক্রমের কামড়। আগে আমরা বলেছিলাম, ফল এমন একটা জিনিষ, এর উপর থেকে সেল্স ট্যাক্স ভূলে দেওয়া হোক, সেটা ত রহিত করলেনই না, উল্টো তার উপর আমদানীকর ধার্য করছেন!

এই বিলের প্রথম ও শ্বিতীয় দফার আলোচনা শেষ হয়ে গেছে। এখন তৃতীয় দফার আলোচনা চলছে। তার মধ্যে এই বিলের মধ্যে কয়েকটা সন্দেহজনক ধারা রয়ে গেছে, তার সম্বদ্ধে আমি কয়েকটা কথা জিজ্ঞাসা করব। ঐ যে জনৈক সদসামহাশয় বলেছেন যে, আটক করা, নম্না দেওয়ার পর পরীক্ষা করা সময়ের মধ্যে ফল যদি কোন গতিকে নন্ট হয়ে যায়, পচে লোকসান হয়, তার জন্য ক্ষতিপূরণ কে দেবে? তার কোন ব্যবস্থা এই বিলের মধ্যে নাই।

দ্বিতীয়তঃ, পাওনা আদায়ের জন। নিলাম বিক্রী হবে, কোন নিলাম বিক্রীতে যদি টাকা কম পড়ে যায় এবং তার বাবদ যদি পাওনা টাকার পরিমাণ বেশী হয়, তাহলে সে টাকা কম পড়লেই বা কে দেবে? প্রাপা বেশী হলেই বা কাকে দায়ী করা হবে?

তারপরে এখানে দন্ডের সম্বন্ধে যে জেলের বাবন্ধা আছে, জেলের একটা সীমানিদেশি আছে ৬ মাস হতে পারে। কিন্তু জরিমানার সীমা সম্বন্ধে কোন নিদেশি নাই। তার বাবন্ধাটা কি হবে, কত টাকা পর্যানত হবে? তারপরে, সাার, আর একটা কথা হচ্ছে সবচেয়ে সাংঘাতিক, আমার মনে হয়—এটা একটা ল'লেস ল'। সাার, সেখানে ইনভেমনিটির বাাপার রয়েছে, সেজন্য কেটে যাবার প্রয়োজন বাদ দিয়ে রাখার বাবন্ধা করা হয়েছে। সেখানে ডাঃ রায়, পক্ষীমাতা বক্ষপুটে শাবককে রক্ষা করবার জন্য যেমন পক্ষবিস্তার করে থাকে, সেইরকম-ভাবে অসাধ্ কর্মচারী যারা আছে, অবশ্য সবাই অসাধ্ নয়, তাদের রক্ষা করবার জনাই পূর্ণ বাবন্ধা বরেছেন, এটা কি ন্যায়সশ্যত?

[5-5-10 p.m.]

স্যার, আর একটা কথা এ'রা বলেছেন যে, এইসব কর আদায়ের জন্য, সেটা স্ব্পৃভাবে হচ্ছে কি না, বিশেষ করে এই ট্যাক্স যারা ফাঁকি দিচ্ছে, সেগ্রালিকে যদি——

[At this stage the blue light was lit.]

আমার আর একটু সমর লাগবে, স্যার। সেগ্নিল বিদ ধরতে হয় তাহ'লে সেখানে এ্যাগি-করাপশন ডিপার্টমেন্টের মত, এনফোর্সমেন্ট ডিপার্টমেন্টের মত, সেই সমন্ত লোককে সেখানে কর্মাচারী নিয়েণ করতে হবে। তার কথা অনেকে বলেছেন, আমি সে সন্বন্ধে বলবো না। আমরা চাই, ডান্ডার রায়ের কাছ থেকে জানীতে যে এই এ্যান্টি-করাপশন বিভাগে এবং এনফোর্সমেন্ট বিভাগে গোপন সার্কুলার দেওরা হয়েছে কি না যে, যদি কোন "ভি.আই.পি." মানে "ভিরি ইমপরট্যান্ট পার্সন"কৈ বা কোন অফিসারকে এ্যারেন্ট করার দরকার হয় সেখানে তার বিরুদ্ধে চার্ল্ল গঠন করবার সময় উপরিতন কর্তৃপক্ষের হৃতৃম নিতে হবে? বিনা হৃতৃমে সেখানে চার্ল্ল গঠন করতে পারে না, এইরকম গোপন সার্কুলার জারী হয়েছে কি না? হয়ে থাকলে উল্লেখ্য বৃধা হবে মাত্র।

স্যার, আর একটা কথা বলবো। এখানে উদ্দেশ্যের মধ্যে বলা হয়েছে যে, একটা হচ্ছে "ডেভেলপমেন্টের" জন্য টাকা চাই, দ্বিতীয় বলা হচ্ছে "এফেক্টিভ ট্যাক্সেশন"। এটা অতি সত্য যে ট্যাক্সেশন এফেক্টিভ হবে সে বিষয়ে সন্দেহ নাই।

It will be effective to all sections of people whether he is a child, he is an infant, he is a patient or invalid or rich and poor.

এদিক থেকে সমাজতান্দ্রিক ধরণের রাজ্যের স্টীম রোলার সমানভাবে চালানো হয়েছে একথা অবশ্য স্বীকার্য।

স্যার, আর একটা কথা বলবো যে চায়ের উপর টাাক্স ধার্য করে এই কংগ্রেস-সরকার প্রাতঃস্মরণীয় হতে চলেছে! দরিদ্রের একমাত্র বিলাস যে পানীয়, যে চা সকালবেলায় না হ'লে চলে না, তাতে তারা প্রতাক চুম্বুকে চুম্বুকে অনুভব করবে যে কংগ্রেস-সরকারের সমাজতান্ত্রিক ধরণ শাসনের কি পরিণাম। প্রতাহ প্রাতঃকালে তাদের একথা স্মরণ করতেই হবে। সাার, সরকার ভোটের সংখ্যাধিকোর জোরে এই হাউসের মধ্যে এ'রা কত বড় জবরদসত হয়ত প্রমাণ ক'রে দিতে পারবেন। এই অতিনিন্দিত বিল, তাকে এনএ্যাক্টমেন্ট ক'রে এ'রা বুঝিয়ে দিতে চাচ্ছেন যে - "দেখ, আমরা কি শক্তিমান! আমরা যা ইচ্ছে তাই করতে পারি, অর্থাৎ আমরা কি থাচ্ছেতাই না করতে পারি!" ফলের উপর ট্যাক্স ধার্য করার পর এই হতে চলেছে!

At this stage the red light was lit.

আর একটু সময় লাগবে। আর একটা কথা হচ্ছে--

Not only a dreamer but also a builder of Bengal.

এই কথা ডাঃ রায় খ্ব জোর গলায় বলেছেন। কিন্তু এই বিলটাতে অত্যাবশাক আহার্য দ্বারের উপর, ফলের উপন যে কর ধার্য করে যে বাধা স্থিট করতে চলেছেন, ত। তিনি চিন্তা করে দেখেছেন কি না জানি না এবং তারপরে আবার যেসব ফাইনান্স ডিপার্টমেন্ট থেকে ন,তন ন্তন বিল উপস্থিত করা হয়েছে, তার ফলে সমাজে কি বিক্ষোভ উপস্থিত হবে সেটা তিনি বোধ হয় এখনও কল্পনা করতে পারেন নি।

তারপর আমি আর একটা কথা বলবো। আমাব শেষ কথা যে, এই বিল যদি আইনর্পে গৃহীত হয় তাহ'লে গণতন্ত্রের ছম্মবেশে এই যে প্রজা-সমাজতান্ত্রিক রাষ্ট্র এবং সমাজতান্ত্রিক ধরণের বাষ্ট্র গঠন করতে যাচ্ছেন সেটা একটা স্বেচ্ছাচারী শাসনতন্ত্রে এবং স্বৈবাচারী রাষ্ট্রেপরিণত হবে। স্তুরাং আমি এই কথাই বলবো যে, এই বিলটা এনএাক্টমেন্ট না ক'বে প্রত্যাহার কর্ম তা না হ'লে সমাজের চক্ষে রেহাই পেতে পারবেন না।

8j. Canesh Chosh:

মিস্টার পশীকার, স্যার, ফলের উপর টাাক্স বসানো হচ্ছে। নীতির দিক দিয়ে এই টাাক্স বসানো অন্যায় এবং নীতিবিগহিত। অবশা ডাঃ রায় বলেছেন যে, সেকেন্ড সিডিউলের সেকেন্ড লিন্টে অর্থাং স্টেট লিন্টের ৫২ ধারায় আছে যে সরকার ইছ্যা করলেই ট্যাক্স বসাতে পারেন এবং তারই স্বোগ উনি নিয়েছেন। আবার সংবিধানে, আমাদের কর্নাস্টিটিউশনে ২৮৬ ধারার তনং উপ-ধারায় আছে যে, কোন এসেন্সিয়াল গড়েসের উপর ট্যাক্স বসাতে হ'লে, অর্থাং পারচেজ্ব বা সেলস ট্যাক্স বসাতে হ'লে, প্রেসিডেন্টের আগে সম্মতি নেওয়া দরকার। সংবিধানে আছে পারচেজ এবং সেলস ট্যাক্স বসানো যায় না প্রেসিডেন্টের সম্মতি না নিয়ে। এর মানে এই যে, অর্পার্হার্য প্রয়োজনীয় দ্রবাের উপর, এমন কি সেলস ট্যাক্সের মত সামানা ট্যাক্সও বসানো উচিত নয় প্রেসিডেন্টের সম্মতি না নিয়ে। এর ক্সানো উচিত নয় প্রেসিডেন্টের সম্মতি না নিয়ে। ডাঃ রায় সেটি আইনের মারপার্টিচ, ওকালতি চালে, বাই-পাশ ক'রে গিয়ে "সেলস ট্যাক্স" বসালেন না, পারচেজ এবং সেলের পরিবর্তে "এন্টিট্যাক্স" বসালেন। নীতির দিক দিরে আমরা এটা অন্যায় এবং নীতিবিগহিত ব'লে মনে করি।

কারণ, সংবিধানে বে কথা বলা আছে তার অন্তর্নিহিত অর্থ হচ্ছে যে, বেগালি অত্যাবশ্যক ক্রিনিষ তার উপর ট্যাক্স বসানো উচিত নর। এমন কি ১৯৫২ সালে পার্লামেন্টে বে আইন পাশ হয়েছে এবং যেগ্রলি জনসাধারণের দৈনন্দিন জীবনের অত্যাবশ্যক জিনিষ ব'লে ঘোষণা করা হয়েছে তার মধ্যে ড্রায়েড এবং ফ্রেশ ফ্রুটেস আছে। তার উপর যদি ট্যাক্স বসে তাহ'লে এটাকে জ্বাম ছাড়া আর কি বলবো। অনেকে বলেছেন, ট্যাক্স বসে নি, বসতে যাচ্ছে; তা যদি হয় তবে দাম বাডে কেন? ফলের দাম বেডে গেছে। সেদিন শ্রীশৎকর মিত্রমহাশয় দীর্ঘ বক্ততা দিয়ে বললেন যে, এক মণের উপর এত হ'লে সেরের উপর সামানাই হবে, সেটা কিছ্মই নয়। ৬ পয়সা ৯ পয়সা ইত্যাদি তিনি ব'লে গেলেন। এখনই শনেলেন এক জোড়া পেয়ারার দাম লেবরে দাম বেডে গেছে। এ সম্পর্কে কি বলবেন । হয়ত কংগ্রেস মেন্বারদের বা মন্ত্রী-সভার সদস্যদের বেশী দাম দিতে হয় না। আর এদিকে যারা ব'সে আছেন, আমরা সব তচ্ছ বান্তি, জনসাধারণ, আমাদের টাাক্স বসার আগেই বেশী দাম দিতে হচ্ছে। এই হ'ল একটা কথা। শ্বিতীয় কথা, আমাদের আর ট্যাক্স দেবার সামর্থ কি আছে? পশ্চিম ধাংলার জনসাধারণের উপর যা ট্যাক্স আছে তার উপর কি বেশী ট্যাক্স দেবার সামর্থ তাদের আছে? খুব গ্রেছ দিয়ে একথা বিবেচনা করা উচিত নতন ট্যাক্স বসাবার আগে। ভারতবর্ষের ভেতর বত রাজ্য আছে তার মধ্যে একমাত্র বেমুন্ব ছাড়া পশ্চিমবাংলার জনসাধারণ সবচেয়ে বেশী টাব্রু দের। একথা আমার একার নয়, কমানিস্ট পার্টির প্রোপাগান্ডা নয়, একথা ডাক্তার রায় নিজেই বলেছেন--

"It is worth knowing that the incidence of such taxation is already higher in West Bengal than in any other State in India barring Bombay.

কিন্তু ডেভেলপমেন্টের জন্য টাকার দরকার। এই ডেভেলপমেন্টের জন্য সেদিন ডাঃ রায় ১৪০ লক্ষ না কত লক্ষ টাকার হিসাব দিলেন, আমি জানি না আমার মনে নেই। এই টাক্সে বসালে কত পাওয়া যাবে তারও হিসাব ডাঃ রায় দিলেন। এই যে স্ট্যাটিসটিকস, এই স্ট্যাটিসটিকস দিয়ে এইভাবে মেকানিকাল এ্যাপ্রোচ করাটা যুক্তিসগত নয়, বিজ্ঞজনোচিত নয়। কারণ, কোথায় পয়সা তারা পাবে, যাদের উপর টাক্সে বসছে: এটা অবৈজ্ঞানিক এবং অবিবেচনাপ্রস্ত। এটা আমার কথা নয়, শ্নুনুন কার কথা। ডাঃ রায়ই বলেছেন—

"A mere statistical mechanical approach is basically unwise and unsuitable, also perhaps dangerous".

[5-10--5-20 p.m.]

সেইজন। জাতির ভবিষাৎ চিন্তা না ক'রে ডেঞ্জার এর পথে ডান্তার রায় দেশকে নিয়ে যেতে চাচ্ছেন। ট্যাক্স বসাবার প্রের্থ আমাদের বিচার করতে হবে যে জনসাধারণের আর ট্যাক্স দেবার সামর্থ আছে কি না। আমাদের বাংলার জনসাধারণের আর নেই। এটা শ্ব্র্থ আমি মনে করি তা নয়, ডাক্তার রায়ও মনে করেন। ডাক্তার রায়ের কথাই বলছি—

"What matters is the extent of the existing resources and our ability to pay them".

আছে কি আমাদের রিসোসেসি, যা থেকে আমরা পে করতে পারি ^২ এখানে ডাঃ রায় দেখিয়েছেন "What matters is our ability to pay".

এটা ডাঙ্কার রায়ও মনে করেন, আমরাও মনে করি যে, বাংলার জনসাধারণ আর পে করতে পারে না। তিনি দেখিয়েছেন এবং আরো বলেছেন যে, বাংলাদেশের অবস্থা কি। ডাঙ্কার রায় বলেছেন

"The margin of saving left after meeting the requirements of essential consumption at the moment must be very narrow. Most of our resources are used up to barely support life".

বে'চে থাকবার জন্য

"If we take away a large part of them there must be danger of damage through overstraining".

এর উপর বদি আরও কিছু নিরে নেওরা হর এই ট্যাক্স বসিয়ে—সে যত সামানাই হোক, শ্রন্থের শব্দর মিত্রমহাশর যত হিসাব ক'রেই দেখান না কেন—ডান্তার রায় বলেছেন এ থেকে নিয়ে নিলে ডেক্সার হবে ওভারস্টোন-এর ফলে। ডান্তার রায় আরো বলেছেন—দি টোটাল শ্রন্থেন ইনভল্ডভ্" তার উপর নৃত্ন ট্যাক্স বসালে পশ্চিমবশ্যের জনসাধারণের পক্ষে কি হবে—

"The total strain involved will be beyond our present capacity to bear."

আমরা বেয়ার করতে পারবো না। এখানে সের প্রতি ছয় পয়সা হবে কি চার পয়সা হবে তা নয়। এটা কম্যুনিস্ট পার্টির প্রচার নয়। পশ্চিমবঞ্গের জনসাধারণের আর ট্যাক্স দেবার সামর্থ আছে কি? ডাঞ্চার রায়ই বলছেন। ডাঞ্চার রায়ই প্রশ্ন করেছেন—

"Is there any room for increased taxation?"

আছে কি ইনক্রিজড টাজের স্থান? শ্রম্থের মিতমহাশরের যুক্তি চলে না। ডাঃ রায়ই তাঁর নিজের প্রশেনর উত্তর দিছেন। আমি প'ড়ে শোনাছি—

"So far as State subjects are concerned it is almost impossible to increase the sources of taxation much less to attempt taxing essential supplies like foodstuffs"

পশ্চিমবংগ ন্তন ট্যাক্স বসানোর আগে নিশ্চয়ই বিশেষ চিশ্চা ক'রে এই কথা তিনি বলেছেন এবং তিনিই শেষ সিম্ধান্ত করেছেন ট্যাক্স সম্পর্কে যে পশ্চিমবংগর জনসাধারণের উপর ট্যাক্স বসানো উচিত কি না,

"It we take away a part of the present standard of living it will be further depressed. Therefore, there cannot be a curtailment of present consumption which is already very low".

এই হচ্ছে বর্তমান অবস্থা। ডাক্টার রায় যা বলেছেন তা ভাবেটিম প'ড়ে দিলাম। যদি তার ভিতর যুক্তি না থাকে তবে তিনি প্রমাণ ক'রে দিন যে তিনি যা বলেছেন তা মিথাা, তা ভূল; কিন্বা প্রমাণ ক'রে দিন যে দ্বৈমাসের মধ্যে এই পশ্চিমবংগের জনসাধারণের টাক্তে দেবার ক্ষমতা বেড়ে গিয়েছে। আর যদি তার কথা যুক্তিপূর্ণ হয় তাহ'লে বলুন যে নিশ্চয়ই এই কর উঠে যাবে। প্রশেষ শঞ্চর মিত্র অঞ্চ কমে দেখিয়েছেন এবং ভান্তার রায় সেসব যোগ ক'রে ব'লে দিলেন যে, দুই কোটি দশ লক্ষ্ণ টাকা টাক্স হবে। এখানে দুই কোটি আটচল্লিশ লক্ষ্ণ লোক বাস করে এবং সারা বাংলা অন্যান্য রাজ্যের চেয়ে কর দেয় বেশা, তার উপর এই টাক্স হ'লে মার্থাপিছ্ব এক টাক্স ক'রে টাক্স পড়বে। এই ট্যাক্স খুব চিন্তা ক'রে বসান। এবং বলুন যে, যে যুক্তি আগে দিয়েছিলেন তা ভূল। এই ফলের উপর টাক্স নিয়ে বিভিন্ন ফলওয়ালারা প্রতিবাদ করেছে। বড় বড় ফলওয়ালারা, যারা ওঁকে সমর্থান করে, তাদের কথায় ট্যাক্স বসাছেন, কিন্তু সাধারণ ভূপব্যবসারী, তারা আপত্তি করছে, তারা মিটিং ক'রে প্রস্থতাব পাশ করছে, হাইকোটে তারা লড়বে ব'লে টাকা যোগাড় করছে। ছোট একটা প্রতিবাদের কথা আমি এখানে, বলছি। বালিগঞ্জের সম্প্রান্ত মহিলারা একটা প্রস্থতাব ক'রে এর প্রতিবাদ জানিয়েছেন এবং এটা ভাতার রায়ের কাছে পাঠিয়ে দিয়েছেন। তিনি এটা চিন্তা কর্ন এবং তিনি যে যুক্তি দিয়েছেন সেই যুক্তির জবাব দিলে সুখাঁ হব।

Sj. Madan Mohon Khan:

মাননীয় স্পীকারমহাশার, তিনি যে কয়েকটি জিনিবের উপর ট্যাক্স বাসিরেছেন, আর করেকটির উপর বসালেই সম্পূর্ণ হরে যেত। ভাত, দৃ্ধ এবং রুটির উপর ট্যাক্স বসালে ভাল হোত। তার কারণ বেগালি বাকী আছে সেগালির উপর ট্যাক্স বসালে আমাদের হয়ত আর, এক টাকা বাদ্ টাকা বেশী ট্যাক্স নিতে হোত, কিম্তু লোকে ব্লুতে পারতো যে আর ট্যাক্স বাড়াবার কিছ্ নেই। তিনি অবশ্য বলেছেন যে, চারের উপর বেশী করে চাপ দেবেন কিম্তু তারা যে কথা বলেন সে কথা করেন না। গত বাজেট সেশনে এক্সাইক্স মন্দ্রীমহাশার বলেছিলেন যে, মহারার উপর কোন কর ধার্ব করবেন না, কিম্তু স্যার, আমাদের মেদিনীপরে জেলার মহারার উপর

টাার ধার্ষ করা হয়েছে। এখানে বর্ষার সময় বহু লোকে মহুরা মজুত ক'রে রাখে গরুকে খাওয়ানোর জন্য কিন্তু সেখানে বলা হয়েছে দশ সেরের বেশী কেউ রাখতে পারবেন না। তাই ব'লে দিন যে, এই যে আইন হবে এতে ফলের উপর কর ধার্য হবে না, চায়ের উপর হবে। এই আমার বন্ধবা।

15-20-5-30 p.m.]

8j. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় প্পীকার, স্যার, এই বিলটা নিয়ে অনেক আলোচনা হ'ল, সকলের দৃ্ ভি যথন ফলের উপর, আমি তথন আপনার দৃ্ ভি চায়ের উপর নিয়ে যেতে চাই। আমি দেখতে পাছিছ, ফল থেকে এদের আয় হবে বছরে ছ' লক্ষ টাকা। কিন্তু এই যে এন্টি টাক্স আমাদের দেশের করেকটি অঞ্চলে ক্লাসছে, সেদিকে চায়ের ব্যাপারে আপনার দৃ্ ভিটা একটু ফিরিয়ে নিতে চাই। আমি দেখাতে চাই, এই চা-বাবসারীদের স্বার্থ, বিশেষ ক'রে বিদেশী টেডার্স, যারা কোটি কোটি টাকা বাবসা করেন, তাদের স্বার্থ সংরক্ষণের জন্য আমাদের ফাইনান্স সেক্লেটারীর মাধ্যমে মল্টী-মহাশয় এই বিলটা এনেছেন। সি.টি.টি.এ,র কমিটি সাকুলার, প্রাইভেট এ্যান্ড কনিফডেনশিয়াল একটি রিপোর্ট আমার কাছে আছে; সেখানে দেখতে পাওয়া যায়, আমাদের যিনি সেল্স ট্যাক্স কমিশনার——

Mr. Speaker: You cannot refer here to a private and confidential document.

8j. Suhrid Kumar Mullick Chowdhury:

যিনি ফাইনান্স সেকেটারী তাদের সংগ

Representation of the Calcutta Tea Merchants' Association

এবং ইন্ডিয়ান টি এ্যাসোসিয়েশন সকলে মিলিত হয়েছিলেন এবং সেখানে বহু জিনিষ আলোচনা হয়েছিল এবং সেখানে দেখা যায় গভর্নমেন্ট চা-ব্যবসায়ীদের কাছে প্রতিপ্রুতি দিয়েছেন যে, এদেশে তাঁদের চা ব্যবসা যাতে কোন রকমে ক্ষতিগ্রুত না হয় এটা এবা দেখবেন। এখানে ষে Thomas Lamp & Co., Ltd., 8, Mission Row, Calcutta.

থেকে যে স্টাটিসটিকস বের হয় সেথানে দেখা যাচ্ছে আমাদের এখানে ১৯৫৩-৫৪ সালে নর্থ ইন্ডিয়া অঞ্চল থেকে যে চা পান তা হ'ল ৪৮৪-৯ মিলিয়ন পাউন্ড ইন ১৯৫৩-৫৪ এবং সাউথ ইন্ডিয়া থেকে হ'ল ১২০-৯ মিলিয়ন পাউন্ড এর ভিতরে এক্সপোর্ট হচ্ছে ৩৮৯-৪ আর সাউথ ইন্ডিয়া থেকে ৭৬-৬। ১৯৫৪এ নর্থ ইন্ডিয়াতে চা হয়েছে ৫০৮-০ মিলিয়ন পাউন্ড এবং এক্সপোর্ট হয়েছে ৩৬৯-৬; সাউথ ইন্ডিয়াতে চা হয়েছে ১২৮-৫ মিলিয়ন পাউন্ড, এক্সপোর্ট হয়েছে ৬৮-৬ মিলিয়ন পাউন্ড। তাহ'লে দেখা যাচ্ছে, ব্যালান্স যেটা রয়েছে ১৯৫৩-৫৪—৯৫-৫ মিলিয়ন পাউন্ড এবং সাউথ ইন্ডিয়া ৪৪-৩ মিলিয়ন পাউন্ড, তারপরে ১৯৫৪-৫৫তে দেখা যাচ্ছে নর্থ ইন্ডিয়ার ব্যালান্স হচ্ছে ১৩৮-৪ মিলিয়ন পাউন্ড, সাউথ ইন্ডিয়া ৫৯-৯ মিলিয়ন পাউন্ড, সাউথ ইন্ডিয়া ৫৯-৯ মিলিয়ন পাউন্ড।

Mr. Speaker: What is the point? They do not explain the effect of the Bill.

Si. Suhrid Kumar Mullick Chowdhury:

দেখতে পাওরা বার ১৯২৬ সালে নর্থ ইন্ডিয়া থেকে যা এক্সপোর্ট হচ্ছে, ৪৩ পারসেন্ট বেটা ছিল, সেটা ৭৬ পারসেন্ট্র্য উঠে গিরেছে। তাহ'লে দেখা বাবে, আমাদের দেশে চা বা উৎপার হচ্ছে তা আমাদের জন্যে নর, সমস্ত বাছে বিদেশে। স্টাটিসটিকস ১৯৫৪তে দেখা বাবে টি-কে মনোপলাইজ্ব করবার জন্য, এটা নিজেদের কন্যোল করবার জন্য, বিদেশী ব্যবসারীরা কিজ্ঞাবে চেন্টা করছে। আমাদের ইন্ডিয়া-সরকারকে শুন্ত ফাঁকি দেবার জন্য তারা অন্যারভাবে চেন্টা করেন। ভারত-সরকারকে পাউন্দ্র প্রতি বে দশ আনা ক'রে তাদের এক্সপোর্ট ভিউটি হিছে ছেন্ট সেখনে তারা একটা স্পানে লিস্টেম্ব-এ নিরে বেতে ভারত-সরকারকে বাধ্য করে। এখানে দেখতে পাওয়া যাবে আর একটা জিনিষ যা ইন্ডিয়ান প্রেস সার্ভিস কতকগৃলি টি সম্পর্কে পরেন্টস দূরেছেন। তাতে দেখা যাছে, ইন্টারন্যাশন্যাল টি ট্রেডার্স, তারা সিলোন-এর চা, ভারতের সমস্ত চা, পাকিস্তানের চা, ইন্দোনেশিয়ার চা--সমস্ত তারা কন্দ্রোল করে। এখান থেকে কত চা যাবে তা তারাই সেটল করে। লাস্ট ফাইভ ইয়ার্সের জন্য তাদের মধ্যে একটা এগ্রিমেন্ট হরেছিল। তার মেয়াদ এই বংসরে ফুরিয়ে যাছে।

Mr. Speaker: You are developing an argument applicable to the slab system. What is its effect on the Bill?

Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

সেখানেই আসছি। সেখানে দেখতে পাচ্ছি, চায়ের বাবসা বিদেশীরা মনোপলাইজ ক'রে আমাদের দেশ থেকে আরও বেশী চা নেবার চেণ্টা করছে। আমাদের বন্ধবা যে, নর্থা, ইন্ডিয়া আমাদের দেশ থেকে আরও বেশী চা নেবার চেণ্টা করছে। আমাদের বন্ধবা যে, নর্থা, ইন্ডিয়া আমাদের দেশ থেকে আরও বেশী চা নেবার চেণ্টা করছে। আমাদের বন্ধবা যে, নর্থা ইন্ডিয়া থেকে যে চা আগে ডাইরেক্ট লন্ডনে যেত আমাদের ভারত-সরকার তাকে কমিয়ে দিয়ে ঠিক করেছেন ১৪০ মিলিয়ন পাউন্ড ভারতের বাইরে বিদেশীরা নিয়ে যেতে পারবে। স্তরাং বিদেশীদের এখন থেকে বাকী চা নিয়ে যেতে হ'লে ক্যালকাটা অকশনের ওপর নির্ভার করতে হবে। এই সময় এই বিল আনবার প্রয়োজন কেন দেখা দিল? সেন্ট্রাল গভর্নমেন্ট যখন বাধা দিছে এই সমস্ত ফরেন ট্রেডার্সদের বিদেশে এক্সপোর্ট করবার কাজে, তখন তারা বাধ্য হচ্ছে কলকাতায় যে অকশন হচ্ছে সেথানে তাদের অকশনের মাধামে সেগ্রিল এক্সপোর্ট' করবার। এই বিল সেই বিদেশীদের কুচকান্তকে সাহায্য করছে। এদেশের চা-বাবসায়ীরা ট্যাক্সের ফলে অকশনে যে দাম ডাকবে তার চেয়ে এন্ট্রি ট্যাক্সেব আওতায় না পড়ায় বিদেশী চা-বাবসায়ীরা বেশী দরে চা কিনতে পারবে। এই সরকারের নন-রেসিডেন্ট ব্যবসায়ীদের উপর সেলস ট্যাক্স বসানোর বাবস্থাও নেই। স্তরাং ট্যাক্স থেকে বিদেশীদের বাঁচিয়ে দিয়ে আমাদের দেশের জনসাধারণের ওপর ট্যাক্সের বোঝা চাপিয়ে এদেশের চা ব্যবসাকে ধ্বংশ করতেই এই বিল আনা হয়েছে।

Mr. Speaker: We are discussing in the third reading. You are wasting the time of the House.

8j. Suhrid Kumar Mullick Chowdhury:

টাক্ষেশন এনকোয়ারী কমিশন রিপোর্ট, ১৯৫৩তে আছে -

"On the basis that the right to levy the tax accrues to the State where the goods are delivered for consumption, the importing States have held themselves entitled to collect the tax from non-resident dealers. With Bengal as one of the notable exceptions practically all States have started levying taxes on non-resident dealers".

আমাদের এখানে দেখা যায়, নন-রেসিডেন্ট ডিলার যারা তাদের উপর ট্যাক্স বসাবার সাহস এই সরকারের নেই। "হ্যান্ড বুক অফ সেলস ট্যাক্স" যেটা

Federation of Indian Chambers of Commerce and Industry.

তার ১৩৭ প্টায় আছে এাসেসমেন্ট অন নন-রেসিডেন্ট ডিলারস সম্পর্কে সেখানে আছে "Although under article 286 State Government is entitled to levy tax on non-resident dealers selling or supplying goods to consumers or to unregistered dealers in that State, West Bengal have not so far thought it fit to actually tax the non-resident dealers on such transactions".

আমার বন্ধবা হচ্ছে, নল-রেসিডেস্ট ডিলারদের ট্যান্ত্র থেকে বাদ দিয়ে এর দ্বারা বিদেশীদের চা ব্যবসারে সাহায্য করা হছে। আমাদের দেশের চা-ব্যবসারীদের কাছ থেকে শৃধ্ ট্যান্ত্রের ভার চাপিরে দেওয়ার অথই হচ্ছে বিদেশী চা-াক্রেরেএএরে সপে প্রতিযোগিতার বাতে এদেশের চা-বাবসারীরা হটে বায়, এদেশের চা-বাবসারীরা যাতে সরকারের ট্যান্ত্র আদারের অভ্যাচারম্পক ব্যবস্থার চা বাবসা বন্ধ করতে বাধ্য হয়, তা করাই হচ্ছে এই সরকারের নীতি এবং নীতির পরিশোবক হিসাবেই এই বিল আনার প্ররোজনীয়তা। বিদেশী চা-বাবসারীদের স্বার্থে তাদের নিরক্ত্বশ শোবদের সহারতা করাই এই বিলের উন্দেশ্য। তা ছাড়া এদেশের জনসাধারণের

প্রয়োজনের তুলনায় চায়ের যতটুকু অংশ এদেশে থাকে তা যথেন্ট নয়। যদি ক্যালকাটা অকশন থেকে বিদেশী চা-বাবসায়ীরা বেশী চা থরিদের আর রপ্তানীর স্বোগ পায়, তবে এদেশের জনসাধারণ চা পানের স্বোগ থেকেও বিশ্বত হবে। এদেশে চায়ের সঙ্গে ইতিমধ্যে নানা রকম ভেজাল চালানো হচ্ছে, তার অন্যতম কারণ চায়ের দ্বশ্রাপাতা। চা যতই বিদেশে রপ্তানী হবে ততই এদেশে চায়ের দ্বশ্রাপাতা বাড়তে থাকবে। ভাল চা দেশের জনসাধারণ পাবে না। চায়ে ভেজাল জিনিষ মিশ্রিত হওয়ার সম্ভাবনা ক্রমশই বাড়বে। তা ছাড়া, চায়ের উপর ন্তন ট্যাক্স ব্শিষর সঙ্গে সঙ্গো চায়ের দামও অনেক বাড়বে। বর্তমানে যে চা পাওয়া যায় সেই দামে ভেজালমিশ্রিত চা জনসাধারণকে থেতে বাধ্য করা হবে।

[5-30-5-40 p.m.]

আর আমি চারটি পয়েন্ট দিচ্ছি যেখানে দেখা যাবে——

Mr. Speaker: Your party has given a list of seven speakers, but other parties have given lists of two speakers. You have all along been irrelevant.

8]. Surhid Kumar Mullick Chowdhury:

আমি এখানে যেটা বলছি----

Mr. Speaker: No. I won't allow you. I have given you 15 minutes. I have given you enough time. You could not explain your point to the House. You have all along been irrelevant.

81. Suhrid Kumar Mullick Chowdhury:

আমার বন্তব্যটা শন্ন্ন। আমি অকট্টয় ট্যাক্স সম্বন্ধে বলছি। অকট্টয় ট্যাক্স সম্বন্ধে ট্যাক্সেশন এনকোয়ারী কমিটির রিপোটে কি বলা হচ্ছে?

Mr. Speaker: All right I will give you one minute more.

8]. Suhrid Kumar Mullick Chowdhury:

এখানে অকট্নয় ট্যাক্স সম্বন্ধে বলা হয়েছে এবং কতকগ**্**লি রেকমেন্ডেশন করা হয়েছে কিভাবে অকট্নয় ট্যাক্স বসতে পারে। কমিশন স্পোরিশ ক'রে বলেছেন--

"Octroi should ordinarily be levied on the basis of weight and not ad valorem since the latter adds to delay and harassment. A model schedule should be prescribed by State Governments in all the States. This schedule should omit articles which involve undue harassment to small vendors. The collection of octroi should not, as it is at present in many municipalities, be virtually left in the hands of subordinate staff but should be supervised frequently and effectively by the higher executives with a view to checking corruption and preventing harassment".

আমার বলবার কথা হচ্ছে, এই যে ট্যাক্স করেছেন, সেখানে স্পান্তর্ভাগ্নের উপর ব্যাপক ক্ষমতা দিরেছেন বাঁরা ট্যাক্স আদার করবেন। সেখানে দেখা বাছে, ট্যাক্স এনকোরারী কমিটির বে রিপোর্টএ তাঁরাও স্বাঁকার ক'রে নিছেন বে, অহেতুক ট্যাক্স আদারের ব্যাপারে অনেকেই হ্যারাসড হতে পারে, অনেক অস্ক্র্বিধাও এ ব্যাপারে দেখা দিতে পারে। পরিশেষে আমি বলবো এইদিকে সজাগ দ্বিট রাখা হোক এবং নন-ক্রিডিট টেগ্রে উপর ট্যাক্স করার ব্যবস্থা হোক এবং বিদেশে বে চা রপ্তানী করা হবে তা কলিকাভার ঢোকার সপো সংগাই তার উপরও অকটর ট্যাক্স বসানো হোক। বিদেশী চা-ডিল্ডেট প্রার্থ ব্যাপারে বিদেশে রপ্তানী চারের উপরও ট্যাক্স আদারের ব্যাপারে বিদেশে

8j. Saroj Roy:

মাননীয় স্পীকারমহাশয়, বাংলাদেশের জনস্বার্থবিরোধী বিভিন্ন ধারাসমন্বিত এই বিলটি ডাঃ রায় তাঁর ব্রটে মেজরিটির ভোটের জোরে শেষ পর্যন্ত পাশ করবেন। তাঁর জানা দরকার পশ্চিমবংশের জনসাধারণ এই অতিরিক্ত ট্যান্ত্রের আইনটাকে তাঁদের সামনে একটি বিরাট বিপদ এসে উপস্থিত হয়েছে ব'লেই মনে ক'রে তারা আর্তাঙ্কত হয়ে উঠেছে। বাংলাদেশের সাধারণ মানুষ এখনো আশা রাখে শেষ মুহুতেওি যদি অবস্থার গুরুত্ব তিনি বুঝে থাকেন এবং বুঝে যদি তাঁর জিদ পরিত্যাগ করেন, তাহ'লে বাংলাদেশের মানুষ অন্তত চিন্তা করতে পারবেন যে, তারা যাকে তাদের প্রধানমন্তী ব'লে মনে করেন, যার সম্পর্কে প্রচার হয় তিনি বাংলাদেশের ভাল করতে চান, সতাই তিনি তাদের ভাল প্রধানমন্ত্রী, এবং সে বিষয়ে তাঁর উপর কিছু, আম্থা থাকবে। এখানে বলা হয়েছে যে সমুস্ত ডেভেলপুমেন্ট ম্ল্যান হবে তার জন্য ডাঃ রায়ের টাকার দরকার। এখানে একটা কথা তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই যে গত বাজেট অধিবেশনে আলোচনার সময়, যখন ট্যাক্সেশন নিয়ে আলোচনা হয়, তখন তাঁর মুখ থেকে একটা কথা শুনতে পেয়েছিলাম। সেটা হচ্ছে এই: এর পরে যদি ট্যাক্সেশন করতে হয়, তাহ'লে যে সমস্ত লাকসারি গড়েস আছে যেমন গ্রামোফোন, রেডিও ইত্যাদি জিনিষের উপর দরকার হ'লে ট্যাক্সেশন করতে পারবেন। সেই সমস্ত জিনিষ আজ কোথায় গেল? তার যে সমস্ত কথা ছিল তা বাদ দিয়ে অন্য জিনিষ যেগুলি অতি সাধারণ মানুষের দৈনন্দিন জীবনের অতি প্রয়োজনীয় জিনিষ তার উপর কেন ট্যাক্স চাপানো হচ্ছে ১ এই নিয়ে অনেক আলোচনা হয়েছে, অবশ্য আলোচনার জনাই এখানে আলোচনা হয় নাই। বাংলাদেশের বিভিন্ন জায়গায় এ বিল নিরে যথেষ্ট সাডা প'ডে গেছে, বাইরের মান,যেরাও অনেক আলোচনা করছেন। আমরা বিরোধী পক্ষরা তারই ভিত্তিতে যেসব আলোচনা এখানে করেছি সে বিষয়ে সরকারের একট চিন্তা করা দরকার।

আমি গ্রামাণ্ডল থেকে একটা চিঠি পেয়েছি মেটা আমি খুন গ্রুত্বপূর্ণ ব'লে মনে করি। ডাঃ রায়ের সে সম্পর্কে চিন্তা করা দরকার। এখানে তিনি শুধ্ তাঁর পক্ষার লোকের প্রধানমন্দ্রী নন, তিনি সারা বাংলাদেশের সাধারণ মান্যেরও মন্দ্রী, যেজন্য এই বিলের সংগ্য যাদের সম্পর্ক আছে তাদের বিষয়েও তাঁর চিন্তা করা দরকার। স্দৃর পল্পী থেকে আমার নিকট একটি চিঠি এসেছে। গ্রামের ২৬।২৭ জন মেয়ে এই চিঠি পাঠিয়েছেন, তাঁরা চিঠিতে জানিয়েছেন যে, এই বিল সম্পর্কে আমরা খবরের কাগজে আলোচনা পড়লাম। এই আইনের পরিণাম যে কোথায় গিয়ে দাঁড়াবে তা ভেবে যথেন্ট ভর পেয়েছি। সাধারণ রোগাঁকে এবং আমাদের ছেলেপিলেকে প্রয়োজনমত যে কোন প্রকার ফলই থাওয়ানো যাবে না তাই হ'ল এই আইনের উম্দেশ্য। তাই আমরা খ্ব সন্সুত হয়ে পড়েছি। তাই আমরা আপনার মারফং অনুরোধ কর্মছ যে, আইনসভায় যে সমস্ত মাননীয় সভোরা আছেন তাঁদের, এবং ডাঃ রায়, যিনি একজন বড় ডাক্কার, তাঁদের কাছে আমাদের আশন্কার কথাটা আপনি জানান। একথা দরকার হয়েছে বলে মনে করি। মোটমুটি এই কথা ব'লে তাঁরা আপনাদের কাছে, বিশেষ ক'রে ডাঃ রায়ের কাছে, এই চিঠিটি ডাঃ রায়ের হাতেই দিয়ে দোব।

ডেভেলপমেন্টের জন্য তিনি টাক্স করছেন। এই ডেভেলপমেন্ট কাদের জন্য? তাঁর নিজের জন্য নিশ্চরই নুয়। বদি বাংলাদেশের সাধারণ মান্বের জন্য ডেভেলপমেন্ট করতে হর, তাহ'লে তাদের উচিত ছিল এই জাতীর বিল আনবার পূর্বে বাংলাদেশের সাধারণ মান্বের মতামত নেওয়া। যখন তিনি তাদের কোন মতামত নেন নাই, এখন সেরক্ম অবস্থাও পেরিরে গেছে, তখন আজ বিরোধী পক্ষ থেকে আমরা বা বলছি তার দিকে একটু নঞ্জর দিন।

করেকদিন আগে দ্বিতীর পঞ্চবার্ষিকী পরিকল্পনা সম্পর্কে জনৈক লেখক সমালোচনা করতে গিরে বলেছেন যে, এই দ্বিতীর পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে কার্ট্বে পরিণত করতে সরকার যে রাম্তা নিরেছেন সে রাম্তা হচ্ছে "এয়াট দি কন্ট অফ দি কমন পিপল", অর্থাৎ সাধারণ মানুবের ঘাড়ের উপর ট্যাব্রের উপর ট্যাব্রের চাপিরে তাঁদের স্ব্যানকে তাঁরা কার্যকরী করতে বাচ্ছেন।

এরকভাবে কোন দেশে কখনো ন্যাশন্যাল ডেভেলপমেন্ট হয় নি. এদেশেও তা হ'তে পারবে ন্।।
সাধারণ মান্বের অবস্থা ভাল না ক'রে, তাদের ক্রয়ক্ষমতা না বাড়ালে কোন প্রকারেই জাতীয়
উর্নাত হ'তে পারে না। এতে ক'রে তাঁদের ভবিষ্যতের স্ল্যানের ধাপগ্নলি ভেগ্গে পড়বে।
প্রকৃত জাতীয় উর্নাতর জন্য যে সমস্ত টাকার দরকার বিভিন্ন পক্ষ থেকে তার বহু সোর্স দেখানো হয়েছে। তিনি সোদিকে নজর দিন, টাকা তিনি পাবেন এবং বাংলাদেশের সাধারণ মান্বকেও বাঁচাতে পারবেন। তা না ক'রে যদি তিনি এই পথে চলেন, অর্থাং এটি দি কস্ট অফ দি কমন পিপল, তাহ'লে তিনি যার উপর দাঁড়িয়ে স্বপ্নসোধ তৈরী করছেন, সেই স্বপ্নসোধ তাঁর ভেগ্গে পড়বে।

Si. Madan Mohon Saha:

আজকে থার্ড রিডিংয়ে এই বিলের উপর বহ, বক্তুতা হয়ে গেছে। এর আগে বহ, বক্তা युक्तिक पिरा पाः विधानम्य ताग्रदक वृत्तिवाराष्ट्रम र्ये, धरे नर्वनामा विन्नो भाग ना कित्रस প্রত্যাহার করে নিন। কিল্কু তিনি বিরোধী পক্ষের যুক্তিগুলিকে মোটেই সুযুক্তি বলৈ মনে করছেন না। ডাঃ রায় বলেছেন, একটা সমাজতান্তিক রাষ্ট্র তৈরী করতে হবে। এই বিল হচ্চে তার একটা ধাপ। তিনি আরও বলেছেন যে, এটা একটা ওয়েলফেয়ার স্টেট। এই ওয়েলফেয়ার স্টেটে সকল মানুষের সমান অধিকার। এই বিল এনে তাদের উন্নতির বাবস্থা করছেন। সেই উন্নতির তো কিছু, এতে দেখতে পাচ্ছি না। তাই যদি হবে তাহ'লে বিরোধী পক্ষের বিভিন্ন বন্ধার বারবার গলা ফাটিয়ে বন্ধতা দেবার কি প্রয়োজন ছিল? তাই বলছি, এই বিলটি আপনি जरल निन। **এই বিল यी**न পাশ হয়ে यात्र, অবশ্য শীঘ্রই পাশ হয়ে যাবে, তাহ'লে সাধারণ মানুষের অশেষ দুঃখ-কণ্ট-দুর্গতি আসবে, অনেক ব্যবসায় নন্ট হয়ে যাবে। আম, আতা, কমলা, ন্যাসপাতি চেরী-পিচ প্রভৃতি ফলের উপর ট্যাক্স বসবে। তার ফলে ডিলারদের উপরও কর চাপবে এবং তার মাধামে জনসাধারণের উপরও কর চাপবে। আর জনসাধারণের এই করভার वद्दन कत्रवात সाधा नारे। ७१: तार वर्त्वाट्टन, ७ ते एएए निश्वाटन आर्तन कना ठोकात मत्रकात। বর্তমান কংগ্রেস-সরকার বাংলার দরিদ্র জনসাধারণের উপর আজ পর্যন্ত বহু ট্যাক্স বসিয়েছেন। তারা বহু ডেভেলপমেন্ট প্ল্যান করেছেন। কিন্তু তাতে তো বেকার সমস্যার সমাধান হয় নাই। এমন কি সাধারণ মধ্যবিত্ত শ্রেণীরও কোন উন্নতি হয় নাই। তাই বলবো, এই বিলটি তিনি তলে নিন।

[5-40-6-5 p.m.]

এই বিলের ম্বারা আমরা স্পর্টেই ব্রুতে পার্রছি, ফলের দোকানদারগণের নানারকম হররানী হবে। এবং বিলের মাধামে পার্টির কাজের জনা টাকা তুলে থরচপত্র করবেন, তা ছাড়া ডাঃ রায় যে বলেছেন, এর সমস্ত টাকা দেশের উন্নয়নের বাবদ থরচ করবেন তা কিছুই হবে না।

Sj. Subodh Banerjee:

মিঃ স্পীকার, স্যার, এই বিল প্রয়োগকালে কি অস্ক্রিধা হতে পারে এবং এই বিলের বিভিন্ন ধারা কিভাবে পরিবর্তন করলে জনসাধারণের অস্ক্রিধা কমতো সেই সম্পর্কে বস্তব্য——

Mr. Speaker:

আপনি কি শেষ ক'রে দিচ্ছেন ৬টার মধ্যে?

Sj. Subodh Banerjee:

আমার কিছু সময়ের দরকার হবে।

Mr. Speaker:

তাহ'লে রিসেসের পরেই হবে। '

[At this stage the House was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[6-5-6-15 p.m.]

